

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৮৬

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - এ উম্মতের [উম্মতে মুহাম্মাদী (সা.)-এর] সাওয়াবের বিবরণ

اَلْفصلْ التَّالِثُ (بَابِ ثَوَابِ هَذِه)

### আরবী

عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَثَلُ أُمَّتِي مَثَلُ الْمَطَرِ لَا يُدْرَى أَوَّلُهُ خَيْرٌ أَمْ آخِرُهُ» . رَوَاهُ التِّرْمِذِيّ

حسن ، رواه الترمذى (2869 وقال : حسن غريب) ـ (صَحِيح لطرقه)

### বাংলা

৬২৮৬-[8] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমার উম্মতের দৃষ্টান্ত হলো বৃষ্টির মতো, যার সম্পর্কে (দৃঢ়তার সাথে) বলা যায় না, তার প্রথমাংশ উত্তম, নাকি শেষাংশ? (তিরমিযী)

### ফুটনোট

হাসান সহীহ: তিরমিয়ী ২৮৬৯, সহীহুল জামি ৫৮৫৪, সিলসিলাতুস সহীহাহ্ ২২৮৬, মুসনাদুল বাযযার ১৪১২, মুসনাদে আহমাদ ১২৪৮৩, মুসনাদে আবৃ ইয়ালা ৩৭১৭, সহীহ ইবনু হিব্বান ৭২২৬, হিলইয়াতুল আওলিয়া ২/২৩১, আল ৬. মু'জামুল আওসাত্ব ৪০৫৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا يُدْرَى أَوَّلُهُ خَيْرٌ أَمْ آخِرُهُ) নবী (সা.) -এর সমস্ত উম্মতের জন্য এটা উদাহরণ নয়। বরং সাহবায়ে কিরাম উম্মতের মধ্যে সর্বশ্রেষ্ঠ বলে কুরআন ও সুন্নাত দ্বারা প্রমাণিত। এ দৃষ্টান্ত অন্যান্য উম্মত ছাড়া কল্যাণের যুগের সাথে সম্পুক্ত সাহাবীদের জন্য প্রযোজ্য। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৯৯)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন